চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

নগর উন্নয়ন সমন্বয় কমিটির সভা

আগামী ৬ মাসের ওয়াসার সংযোগ লাইন
স্থাপন কাজের তালিকা দেয়ার নির্দেশ মেয়র'র

চট্টগ্রাম- ২৯ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষকে আগামী ৬ মাস তারা নগরীর কোন কোন এলাকায় কাজ করবেন তার একটি হাল নাগাদ তালিকা প্রস্তুত করে কর্পোরেশনের প্রধান প্রকৌশলী বরাবরে প্রেরণ করতে বলেছেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর যে সকল সড়কের কাজ ইতিমধ্যে শেষ করেছে, সে সকল সড়ক ওয়াসাকে আগামী ১ বছর পর কাটার পরামর্শ দেন। নগরীর পোর্ট কানেক্টিং রোড এর সড়কের উন্নয়ন, নালা নির্মাণের কাজ শেষের পথে। তাই আগামী ফেব্রুয়ারির মধ্যে ওয়াসার পানির সংযোগ লাইন স্থাপনের কাজও শেষ করতে বলেন মেয়র। আজ সোমাবার সকালে চসিকের কনফারেন্স রুমে নগর উন্নয়ন সমন্বয় কমিটির (সিডিসিসি) ১৪তম সভায় সভাপতির বক্তব্যে সিটি মেয়র একথা বলেন। কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহার সঞ্চালনায় এতে কর্পোরেশনের কাউন্সিলর ছালেহ আহমদ, শফিউল আলম, আবুল হাসেম, গোলাম মো. জুবায়ের, মোহাম্মদ ইসমাইল, মো. সলিম উল্লাহ বাচ্চু, নাজমুল হক ডিউক, সচিব মো. আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, চউক'র নির্বাহী প্রকৌশলী কাজী কাদের নেওয়াজ, বাংলাদেশ টেলিকমিউনিকেশন বিটিসিএল এর ডিজিএম সমিত চাকমা, কেজিডিসিএল ব্যবস্থাপক প্রকৌশলী আবদুল হালিম, ওয়াসার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আরিফুল ইসলাম, পিডিবি'র নির্বাহী প্রকৌশলী মো. কামাল হোসাইন, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের ডিসি ট্রাফিক হারুনুর রশিদ, বেসরকারি উন্নয়ন সংস্থা শরন এর সহ-সভাপতি পুর্নিমা বড়ুয়া, নারী ঐক্য বাংলাদেশের সহ-সভাপতি জান্নাতুল ফেরদৌস বক্তব্য রাখেন। সভায় কর্পোরেশনের তত্ত্বাবধায়ক ও নির্বাহী প্রকৌশলীগণ ছাড়াও বিভিন্ন বিভাগের পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নেয়া মেগা প্রকল্প জলাবদ্ধতা নিরসন প্রসঙ্গ, নগরীতে চলমান ওয়াসার সংযোগ লাইন স্থাপন কাজ ও মদুনাঘাট পানি শোধনাগার প্রকল্প ও বিটিসিএল'র কাজের অগ্রগতি, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ের পাশ থেকে বেড়ে যাওয়া ঘাস ও স্তুপকৃত মাটি অপসারণ, রিং রোড বেড়ি বাঁধ নির্মাণ, রিং রোড এলাকার পাশে সার্ভিস রোড নির্মাণ, মহেশখালের সম্মুখে ডাইভারশন খালের মুখে স্লুইচ গেট স্থাপনের বিষয় উঠে আসে। এতে মহেশখালের ডাইভারশন খালের মুখে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, পানি উন্নয়ন বোর্ডের সমন্বিত উদ্যোগের ভিত্তিতে আগ্রাবাদ, হালিশহর এলাকার জলাবদ্ধতা সিডিএ'র মেগা প্রকল্প শেষ না হওয়া পর্যন্ত কিভাবে সহনীয় পর্যায়ে রাখা যায় সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানানো হয়। এ ছাড়াও ১৫নং বিমানবন্দর সড়কের গোল চত্বরে বৈদ্যুতিক পুল অপসারণ করা হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা সামসুদ্দোহা বলেন, ওয়াসার দেয়া তথ্য অনুযায়ী আগামী নভেম্বরের ১ তারিখ থেকে নগরীর ওয়াসার সংযোগ লাইনে আরো ৯'শ কোটি লিটার পানি যুক্ত হচ্ছে। তাই নতুন উৎপাদিত এই পানির চাহিদা অনুযায়ী নগরীর যে সকল ওয়ার্ডের কোন কোন স্থানে ওয়সার পানির সরবরাহ নাই, তার একটি তালিকা কাউন্সিলরদের প্রস্তুত করে কর্পোরেশন বরাবরে জমা দিতে অনুরোধ করেন।

ওয়সার তত্ত্বাবধায়ক প্রকৌশলী আরিফুল ইসলাম পোর্ট কানেক্টিং রোডে তাদের চলমান কাজ সম্পন্ন হয়েছে বলে সভায় অবহিত করেন। তিনি বলেন নগরীতে আমরা আরো ১২'শ কিলোমিটার সংযোগ লাইন স্থাপন করবো। এর মধ্যে পুরনো লাইন সংস্কারপূর্বক নতুন ভাবে স্থাপনের কাজও রয়েছে। যা চলমান ফান্ডে হবে না। এর জন্য ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। পরবর্তী ফান্ড থেকে এই কাজ করা হবে। সভার শুরুতে পূর্বের সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

প্রেস বিজ্ঞপ্তি

দি প্রিমিয়ার ব্যাংক এর ১০৫তম উদ্বোধন

৭২ কোটি টাকা ব্যয়ে বহাদ্দারহাট থেকে কালুরঘাট

পর্যন্ত সড়কটিসৌন্দর্যকরণের উদ্যোগ নিয়েছে চসিক: মেয়র

চট্টগ্রাম- ২৯ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন বহাদ্দারহাট থেকে কালুরঘাট পর্যন্ত চার লেইন বিশিষ্ট সড়কটি আলাদাভাবে ডেডিকেট বাস লেইনসহ সড়কটির সৌন্দর্যকরণ,সবুজায়ন এবং আধুনিকায়নের উদ্যোগ নিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এডিপি'র অর্থায়নে এ প্রকল্পের কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু হবে । এ প্রকল্পের ব্যয় ধরা হয়ে হয়েছে ৭২কোটি টাকা। আজ সোমবার সকালে বহাদ্দারহাটে দি প্রিমিয়ার ব্যাংক এর ১০৫তম শাখা উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। দি প্রিমিয়ার ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক এম রিয়াজুল করিম এফসিএমএ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দি প্রিমিয়ার ব্যাংকের উপদেষ্ঠা মুহাম্মদ আলী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবদুল জব্বার চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে চন্দনাইশ উপজেলা চেয়ারম্যান আবদুল জব্বার চৌধুরী চসিক কাউন্সিলর মোহাম্মদ সাইফুদ্দিন খালেদ ও শৈবাল দাশ সুমন, চাকসু'র সাবেক ভিপি মো. নাজিম উদ্দিন, মো. ইসা, মো. ফেরদৌস বক্তব্য রাখেন। সম্প্রতি জাতীয় অর্থনৈতিক পরিষদের নিবার্হী কমিটি (একনেক)এ সভায় ১২৩০কোটি টাকার অনুমোদিত প্রকল্পের অংশ হিসেবে এ প্রকল্প বাস্তবায়িত হবে। বহাদ্দরহাট থেকে কালুরঘাট পর্যন্ত সড়কে মিড আইল্যান্ড,রাস্তার উভয় পাশে ড্রেন,ফুটপাত,জনগণের চলাচল পথসহ সৌন্দর্যকরণ এবং আলাদা ডেডিকেট বাস লেইন ও যাত্রী সাধারণের উঠা নামা ব্যবস্থা থাকবে। দ্রুত সময়ের মধ্যে এই প্রকল্পের কাজ শেষ শুরু হবে। এ প্রকল্পের কাজ শেষ হলে দৃষ্টিনন্দন একটি সড়ক হিসেবে গন্য হবে বলে মেয়র উল্লেখ করেন। তিনি বলেন প্রান্তিক জনগোষ্ঠিকে ব্যাংকিং সেবার আওতায় আনতে নিরলসভাবে কাজ করছে দি প্রিমিয়ার ব্যাংক লিঃ। বেসরকারী ব্যাংকগুলো তাদের সেবার মাধ্যমে ম মানুষের আস্থা অর্জন করে চলেছে। এই শাখা উদ্বোধনের মধ্যদিয়ে এই এলাকার জনগোষ্টি আধুনিক ও ডিজিটাল ব্যাংকিংয়ের সেবা পাবে বলে তিনি প্রত্যাশা রাখেন। সমাবেশের উদ্দেশ্য মেয়র আপনাদের অন্যান্য ব্যাংকে একাউন্ট থাকলেও এই ব্যাংকে একটি একাউন্ট খুলে সমৃদ্ধির পথে তাদের সাথে শামিল হওয়ার আহবান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে প্রথিত যশা ব্যাংকার ও ব্যাংকের উপদেষ্টা মুহাম্মদ আলী বলেন দেশের ৬০ শতাংশ মানুষ এখনও ব্যাংকিং সেবার আওতার বাইরে। আমরা তাদেরকে অচিরেই ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য কাজ করে যাচ্ছি। এসএমই খাতকে গুরুত্ব দিয়ে দেশের উদ্যোক্তা সৃষ্টি ও মানুষকে আর্থিকভাবে স্বাধীন করতে কাজ করছি। ব্যাংক সেবার মাধ্যমে দেশের অর্থনীতি প্রবৃদ্ধি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। সভা শেষে বহদ্দারহাট আরাকান রোডস্থ প্রিমিয়ার ব্যাংক লি. এর ১০৫তম নতুন শাখার ফিতা কেটে উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ সময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ব্যাংক লি. এর উর্ধ্বধন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চলের শাখা প্রধানবৃন্দ।

অনুষ্ঠান থেকে ফেরার পথে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন কাপাসাগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজ পরিদর্শনে যান। এ প্রতিষ্ঠানটি কলেজ এবং স্কুল শাখার দীর্ঘ দিনের ভবন সংকট দুরীকরণের লক্ষ্যে কলেজ শাখার জন্য একটি বহুতল ভবন নির্মাণ এবং স্কুল শাখার জন্য একটি শিক্ষা প্রকৌশল অধিদপ্তর থেকে প্রাপ্ত বহুতল ভবনের স্থান নির্ধারন সরেজমিনে পরিদর্শন করেন মেয়র। এ সময় কাউন্সিলর শৈবাল দাশ সুমন, অধ্যক্ষ মনোয়ার জাহান বেগম, প্রধান শিক্ষক মো. আলাউদ্দিন ও প্রকৌশলী ফরহাদুল আলম উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

আগামীকাল নগর ভবন বঙ্গবন্ধু চত্বরে
দুর্যোগ বিষয়ক বিশেষ মকড্রিল প্রদর্শন

চট্টগ্রাম- ২৯ অক্টোবর ২০১৮

আগামীকাল ৩০ অক্টোবর মঙ্গলবার সকাল **১১**টায় ইপসা-প্রয়াস ফেইজ-২ প্রকল্প নামে একটি প্রকল্প সেভ দি চিলড্রেন এর উদ্যোগে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহযোগীতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভবন ও চত্বরে বিশেষ **'মকড্রিল'** প্রদর্শনের আয়োজন করা হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দিন। উক্ত মকড্রিল প্রদর্শন অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন